

ব্যাঘ ও পালিত কুকুর
ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর

৪। একটি বাক্যে উত্তর দাও :-

৪।১ ঝুলকায় কুকুরকে দেখে বাঘ কী জানতে চেয়েছিল ?

উ:- ঝুলকায় কুকুরকে দেখে বাঘ জানতে চেয়েছিল যে, প্রতিদিন কতটা পরিমাণে খাবার পাও, যাতে এমন সবল ও মোটাসোটা হয়েছ ।

৪।২ বাঘকে কেন কখনো কখনো উপবাসে থাকতে হয় ?

উ:- বাঘ দিনরাত খাবারের খোঁজে বেড়িয়েও পেট ভরে খাবার খেতে পায় না বলে কখনো কখনো উপবাসে থাকতে হয় ।

৪।৩ কুকুর বাঘটিকে তার সঙ্গে আসতে বলল কেন ?

উ:- কুকুর তার প্রভুকে বলে বাঘের একটা ব্যবস্থা করে দিতে পারে কিনা সেই কারণেই তার সঙ্গে আসতে বলল ।

৪।৪ কুকুরের গলার দাগটি কীসের বলে জানা গেল ?

উ:- কুকুরের গলার দাগটি গলাবন্ধনীর দাগ বলে জানা গেল ।

৪।৫ কুকুরটি প্রভুর বাড়িতে কোন কাজ করত ?

উ:- কুকুরটি প্রভুর বাড়িতে রাত্রিবেলা বাড়ি দেখাশোনার কাজ করত ।